মেহেরপুরে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে বিশেষ অনুষ্ঠান

পরম প্রেমময় ভগবান শ্রীশ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে নন্দোৎসব অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেলে মেহেরপুর শ্রীশ্রী সিদ্ধেশ্বরী কালী মন্দিরে বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ, মেহেরপুর জেলা শাখার আয়োজনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ, মেহেরপুর জেলা শাখার সভাপতি সঞ্জিত পাল বাপ্পির সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও জেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজউদ্দীন খান। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক কামরুল হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়, জেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি ইকবাল হোসেন, সদর উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, পৌর জামায়াতে ইসলামীর আমির সোহেল রানা ডলার, জেলা জাসাসের সদস্যসচিব এ বাকাবিল্লাহ এবং বীর মুক্তিযোদ্ধা গুরুদাস হালদার।

অনুষ্ঠানের শুরুতে প্রদীপ প্রজ্বালনের মধ্য দিয়ে এর উদ্বোধন করা হয়। এরপর ভক্তিমূলক সংগীত পরিবেশন করা হয়। ধর্মীয় আলোচনা ও হরিনাম সংকীর্তনের মধ্য দিয়ে শ্রীশ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উৎসব উদযাপন করা হয়।

ঝিনাইদহে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে র্যালি

আজ ২৬ আগস্ট সোমবার শুভ জন্মাষ্টমী। সনাতন হিন্দু

ধর্মাবলম্বীদের আরাধ্য ভগবান শ্রীকৃষ্ণের জন্মতিথি। ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে দুষ্টের দমন শিষ্টের পালন এবং ধর্ম রক্ষার্থে মহাবতার ভগবান রূপে জন্মগ্রহণ করেছিলেন শ্রীকৃষ্ণ।

সেই উপলক্ষে প্রতিবছর শ্রীকৃষ্ণের জন্মতিথিতে পালন করা হয় জন্মাষ্টমী। এরই ধারাবাহিকতায় ঝিনাইদহ সনাতন ধর্মাবলম্বী সম্প্রদায় শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী পালন করেছে।

ঝিনাইদহে শ্রী শ্রী মদন মোহন মন্দির থেকে জন্মাষ্টমী উৎসব উপলক্ষে একটি র্যালি বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে শ্রী শ্রী মদন মোহন মন্দিরে এসে শেষ হয়।

র্যালিতে ঝিনাইদহ বিভিন্ন মন্দির ও বিভিন্ন স্থান থেকে ভক্তবৃন্দ উপস্থিত হয়েছেন। এছাড়া অনুষ্ঠান সূচীর মধ্যে প্রসাদ বিতরণ ও ধর্মীয় আলোচনার মধ্য দিয়ে শেষ হবার কথা রয়েছে।

শ্রী শ্রী মদন মোহন মন্দিরে সভাপতি, অলোক কুণ্ডু ও সাধারণ সম্পাদক, সুশান্ত সরকার আমাদের কে জানান প্রতি বছরের ন্যায় এ বছরও শান্তি-শৃঙ্খলা বজায় রেখে আমরা র্যালি সম্পন্ন করেছি এবং এই বছরে অনুষ্ঠানে কিছু টাকা বাঁচিয়ে আমরা বন্যার্থীদের সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছি।

কোটচাঁদপুরে নানা আয়োজনে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী পালন

আওয়ামী লীগ সরকার ক্ষমতায় থাকলে,সব ধর্মের মানুষ সমান সুবিধা ভোগ করে থাকেন।

শুক্রবার কোটচাঁদপুর কেন্দ্রীয় কালিবাড়ি মন্দিরে ভগবান শ্রীকৃষ্ণের শুভ জন্মাষ্টমী উপলক্ষ্যে আলোচনা সভায় এ কথা বলেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য অ্যাড. শফিকুল আজম খান চঞ্চল।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের কোটচাঁদপুর শাখার সভাপতি অধ্যক্ষ নিমাই চন্দ্র দে।

রবীন্দ্রনাথ শর্ম্মার সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলার চেয়ারম্যান ও আওয়ামী লীগের সভাপতি মোছাঃ শরিফুননেসা মিকি, ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন,উপজেলা যুবলীগের সাবেক সভাপতি ও আওয়ামী লীগ নেতা মীর কাশেম আলী।

এ সময় শতশত ভক্তবৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা শেষে র্যালি বের হয়। র্যালিটি শহরের বিশেষ বিশেষ সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে ভক্তবৃন্দদের মধ্যে মহা প্রসাদ বিতরন করা হয়।

ঝিনাইদহে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে শোভাযাত্রা

আজ ১৯ আগস্ট শুক্রবার শুভ জন্মাষ্টমী। সনাতন হিন্দু ধর্মাবলম্বীদের আরাধ্য ভগবান শ্রীকৃষ্ণের জন্মতিথি। ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে দুষ্টের দমন শিষ্টের পালন এবং ধর্ম রক্ষার্থে মহাবতার ভগবান রূপে জন্মগ্রহণ করেছিলেন শ্রীকৃষ্ণ।

সেই উপলক্ষে প্রতিবছর শ্রীকৃষ্ণের জন্মতিথিতে পালন করা হয় জন্মাষ্টমী। এরই ধারাবাহিকতায় ঝিনাইদহ সনাতন ধর্মাবলম্বী সম্প্রদায় শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী পালন করেছে।

প্রায় সাড়ে পাঁচ হাজার বছর আগে দ্বাপর যুগে ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে মহাবতার শ্রীকৃষ্ণ ধরাধামে আবির্ভূত হন।অত্যাচারী ও অসুরদের বিরুদ্ধে শান্তিপ্রিয় সাধুজনের রক্ষার লক্ষ্যে কংসের কারাগারে জন্ম গ্রহন করেন তিনি।

শিষ্টের পালন ও দুষ্টের দমনে তিনি ব্রতী ছিলেন। সত্য ও ন্যায় প্রতিষ্ঠার ক্ষেত্রে শ্রীকৃষ্ণ তাই ভগবানের আসনে অধিষ্ঠিত।অবতার হয়ে শ্রীকৃষ্ণ জন্ম নিয়েছিলেন মাতা দেবকীর গর্ভে।

ঝিনাইদহে শ্রী শ্রী মদন মোহন মন্দির থেকে জন্মাষ্টমী উৎসব উপলক্ষে একটি র্যালি বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে শ্রী

শ্রী মদন মোহন মন্দিরে এসে শেষ হয়।

র্যালিতে ঝিনাইদহ বিভিন্ন মন্দির ও বিভিন্ন স্থান থেকে ভক্তবৃন্দ উপস্থিত হয়েছেন। এছাড়া অনুষ্ঠান সূচীর মধ্যে প্রসাদ বিতরণ ও ধর্মীয় আলোচনার মধ্য দিয়ে শেষ হবার কথা রয়েছে।

শ্রী শ্রী মদন মোহন মন্দিরে সভাপতি, অলোক কুণ্ডু ও সাধারণ সম্পাদক, সুশান্ত সরকার আমাদের কে জানান প্রতি বছরের ন্যায় এ বছরও শান্তি-শৃঙ্খলা বজায় রেখে আমরা র্যালি সম্পন্ন করেছি।